

(প্রেস বিজ্ঞপ্তি)

২৯ মে ২০২২

৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৬তম সাধারণ সভায় মেয়র
আগামী ১০ দিনের মধ্যে খাল-নালায় বাঁধ অপসারণ করে
পানি চলাচলের প্রতিবন্ধকতা দূর করতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, বর্ষা মৌসুম শুরু হয়েছে। কয়েক দিন আগে এক ঘন্টার বৃষ্টিতে বহুদারহাট, মুরাদপুরসহ অনেক এলাকায় জলজটের কারণে যে নাগরিক ভোগান্তি সৃষ্টি হয়েছে। তা সত্যিকার অর্থে দুঃখজনক। জলাবদ্ধতা নিরসনে বিগত কয়েক বছর ধরে মেগা প্রকল্পের কাজ চলমান রয়েছে। এই প্রকল্প বাস্তবায়নের স্বার্থে অনেকগুলো খাল ও নালায় বাঁধ দিতে হয়েছে এবং খাল-নালা ভরাট করে রাস্তা নির্মাণ করা হয়েছে। এই বাঁধগুলো সরিয়ে বৃষ্টির পানি চলাচলের জন্য প্রকল্প বাস্তবায়ন সংস্থা ও সিডিএকে বার বার তাগাদা দেয়ার পরও তারা বাঁধ অপসারণ করেন নাই। যে কারণে এক ঘন্টার বৃষ্টিতে নগরীতে জলজটের সৃষ্টি হয়েছে। তিনি আগামী ১০ দিনের মধ্যে সবগুলো খাল ও নালায় বাঁধ অপসারণ করে পানি চলাচলের প্রতিবন্ধকতা দূর করার জন্য প্রকল্প বাস্তবায়ন সংস্থাকে জরুরী ভিত্তিতে ব্যবস্থা নেয়ার আহ্বান জানান। আজ রোববার সকালে আন্দরকিল্লাস্থ চসিক পুরাতন নগর ভবনের কে.বি আব্দুচ সাত্তার মিলনায়তনে চসিকের ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৬তম সাধারণ সভায় সভাপতির বক্তব্যে তিনি এ আহ্বান জানান।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলমের সঞ্চালনায় সভায় আরো বক্তব্য রাখেন প্যানেল মেয়র, ওয়ার্ড কাউন্সিলর, সচিব, বিভাগীয় ও শাখা প্রধানগণ।

মেয়র আরো বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন স্থানীয় সরকার থেকে কোন ধরনের থোক বরাদ্দ পায়না, নিজস্ব রাজস্ব খাত থেকে এতবড় প্রতিষ্ঠানের ব্যয়ভার নির্বাহ করতে হয়। কর আদায়ের ক্ষেত্রে সঠিক ভূমিকা পালন করা হচ্ছে না বিধায় কর আদায়ে লক্ষ্যমাত্রা পূরণে আমরা ব্যর্থ। অন্যদিকে কর আদায়ের ২৬টি খাতের মধ্যে মাত্র কয়েকটি খাত থেকে কর আদায় করা হয়। অন্যান্য খাতগুলো চিহ্নিত করে রাজস্ব বৃদ্ধির বিষয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়ে অনুমোতিক্রমে কার্যকর পদক্ষেপ নিতে হবে। তিনি আরো জানান, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ইমারত নির্মাণের উপর কর আদায় করছে। চসিকেরও ইমারত খাতের উপর থেকে কর আদায়ের ব্যবস্থা ও নালায় উপর স্ল্যাব বসিয়ে সুবিধা ভোগ করছেন তাদেরকেও করের আওতায় আনতে হবে। মেয়র নগরীতে ব্যাটারী চালিত অবৈধ রিস্কার কারণে যানজট ও নানা ভোগান্তি সৃষ্টি হচ্ছে জানিয়ে বলেন, ব্যাটারী চালিত রিস্কার বদলে সৌর বিদ্যুৎ ব্যবহার করে নিরাপদ যাত্রী পরিবহণে বিদ্যুৎ শাস্ত্রী রিস্কার তৈরী করে তা চলাচলের বৈধতা দেয়ার বিষয়টি বিআরটিএ ও পুলিশ প্রশাসনের সাথে মতবিনিময় সভা করার উদ্যোগ নেয়া হবে বলে জানান।

মেয়র চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উন্নয়ন প্রকল্প গ্রহণ করার ক্ষেত্রে কোন প্রকল্পটি অগ্রাধিকার দেয়া হবে তা ওয়ার্ড কাউন্সিলরদের মতামত নিতে প্রকৌশল বিভাগকে নির্দেশনা দেন। তিনি হাটহাজারী রোডের কাজ চসিক নিজস্ব এ্যাসফল্ট প্লান্টের মাধ্যমে দ্রুততার সাথে সম্পন্ন করা ও বারইপাড়া খাল খননের কাজ ২০২৩ সালের ডিসেম্বরের মধ্যে সম্পন্ন করারও নির্দেশনা দেন এবং প্রতিমাসে কাজের অগ্রগতি প্রতিবেদন আকারে জমা দেয়ার কথা উল্লেখ করেন। তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রামবাসীর প্রতি আন্তরিক হয়ে সম্পূর্ণ সরকারি ব্যয়ে ২৫০০ কোটি টাকার প্রকল্পসহ ও ১৩০০ কোটি টাকার খাল খনন প্রকল্প চসিককে দিয়েছে তা দ্রুত ও স্বচ্ছতার সাথে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন।

এছাড়াও তিনি মেগা প্রকল্পের বাইরে নগরীতে ২১ টি খাল রয়েছে তার উপর সম্ভাব্যতা যাচাই ও প্রকল্প গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট প্রকৌশলীদের নির্দেশনা দেন এবং এলইডি প্রকল্প বাস্তবায়নে দীর্ঘ সুত্রতা হচ্ছে তা নিরসনে জরুরী পদক্ষেপ নেয়া হবে বলে সভাকে অবহিত করেন।

মেয়র চসিক মেম্বন হাসপাতালের আধুনিকায়নের কাজ সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করে নগরীর আরবান স্বাস্থ্য কেন্দ্রগুলোকে কাউন্সিলরের মাধ্যমে ছোট ছোট প্রকল্পের মাধ্যমে সংস্কার করা হবে বলে জানান। তিনি আগামী ৫ জুন থেকে ৭ জুন পর্যন্ত ভিটামিন 'এ' প্লাস কর্মসূচী সফল করার জন্য কাউন্সিলরদের সম্পৃক্ত করার আহ্বান জানান। মেয়র পরিচ্ছন্ন

বিভাগের কার্যক্রমের উপর অসন্তোষ প্রকাশ করে বলেন, জোন ভাগ করে দেয়ার পরও সুপারভাইজারদের অবহেলার কারণে চলমান-২

এখানো নগরীতে ময়লার স্কুপ দৃশ্যমান যা কোন অবস্থায় মেনে নেয়া যায় না। তিনি মশক নিধনের উপর গুরুত্ব দিয়ে বলেন, বর্ষা মৌসুমে ডেঙ্গু ও চিকনগুনিয়ার প্রাদুর্ভাব বেড়ে যায় বিধায় এখন থেকে মশার ওষুধ ছিটানো ও পরিষ্কার পরিচ্ছন্নতা কাজের মাধ্যমে ডেঙ্গুর বিস্তার রোধ করে হবে। তিনি আসন্ন পবিত্র ঈদুল আযহাকে সামনে রেখে নগরীর কোরবানী পশুর বর্জ্য দ্রুততার সাথে অপসারণের জন্য এখন থেকে সার্বিক প্রস্তুতি নেয়া এবং পশুর চামড়া যত্রতত্র ফেলা থেকে বিরত থাকার জন্য নগরবাসীকে সচেতন করতে হবে। সভার শুরুতে ভাষাসৈনিক ও প্রখ্যাত সাংবাদিক আমার ভাইয়ের রক্তে রাঙ্গানো গানের রচয়িতা আব্দুল গাফ্ফার চৌধুরী, চসিক প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শফিকুল মান্নান সিদ্দিকী যীশুসহ নগরীর মৃত্যুবরণকারী বিশিষ্ট ব্যক্তিবর্গের রুহের মাগফিরাত কামনা করে একমিনিট দাঁড়িয়ে নিরবতা পালন করা হয়।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩